# দিঘলিয়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৯ )

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৭সেপ্টেম্বর২০২২, মঙ্গলবার

সময় : বেলা ১২: ৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত আগস্ট ২০২২, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানোহয়। উক্ত কার্যবিবরণীরতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | আগস্ট ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২২ মাসে ০৯ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবানপূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবেএবং মাসিক সাধারন সভার কার্যবিবরনীতে অন্তর্ভূক্ত করারমত বিষয়টুকু গুছিয়ে এই কার্যবিবরনীর ফরমেটে সফট কপি ও হার্ড কপি দিতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান- দ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: আগস্ট/২০২২ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়-১২,৯৯,৪৬৯.১৫ /-<br>মোট ব্যয়- ২,৫৪,২০৬/- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, হাসপাতালের পুরাতন ভবনটি পুরাতন হওয়ায় বর্তমানে ভবনটির অবস্থা খুবই জরাজীর্ন এবং অত্যন্ত ঝুঁকিপূর্ণ। উক্ত ভবনের বিভিন্ন স্থান হতে ছাদের ভীম ও প্লাস্টার খসে পড়ছে। সংশ্লিষ্ট কর্মকর্তা, কর্মচারী, ভর্তি রোগী এবং আগত দর্শণার্থীদের ঝুঁকি নিয়ে হাসপাতালে অবস্থান করতে হয়। এ বিষয়ে HED কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করা হয়েছে এবং বারংবার তাগাদা প্রদান করা হচ্ছে। তিনি বলেন উপজেলা পরিষদের পক্ষ হতে উক্ত ভবনের ঝুঁকিপূর্ণ স্থানের সংস্কার করার বিষয়টি বিবেচনার জন্য উপজেলা পরিষদের সংশ্লিষ্ট সকলের সুদৃষ্টি আকর্ষন করেন। তিনি বলেন | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালের পুরাতন ভবনটি মেরামতের বিষয়ে HED কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাগাদাপত্র প্রদানসহ ডেঙ্গু মশার বংশবিস্তার রোধে | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বর্তমানে সারাদেশে ডেঙ্গু রোগীর প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গু প্রতিরোধের জন্য আমাদের সকলকে সচেতন হতে হবে। আমাদের সকলের আঙ্গিনার চার পাশ পরিস্কার পরিচ্চন্ন রাখতে হবে যাতে এডিস মশা বংশ বিস্তার করতে না পারে। তিনি বলেন আড়ুয়া এবং বামনডাঙ্গা কমিউনিটি ক্লিনিকের সামনে সংযোগ সড়ক ও আড়ুয়া কমিউনিটি ক্লিনিকের পিছনের গর্ত ও নিচু স্থানে মাটি ভরাট করা প্রয়োজন। তিনি বলেন স্বাস্থ্য বিভাগের নিয়ম অনুযায়ী প্রতিটি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের জন্য এক জন করে মেডিকেল অফিসার নিয়োজিত থাকার বিধান রয়েছে। বিধান থাকলেও স্বাস্থ্য বিভাগের নিয়োগের জটিলতার জন্য সব জায়গায় মেডিকেল অফিসার প্রদান করা সম্ভব হয় না। তিনি এ বিষয়ে তার দপ্তরের উর্দ্ধতন কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন। তিনি বলেন আগামী ২৮ সেপ্টেম্বর থেকে ০৩ অক্টোবর পর্যন্ত করোনা ভ্যাকসিন প্রদান করা হবে। এক্ষেত্রে আগামী ০৩ অক্টোবার ২২ তারিখের পরে করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ টিকা আর প্রদান করা হবে না। তিনি আরো জানান এর পর থেকে ২য় ও ৩য় ডোজ করোনা ভ্যাকসিন এর টিকা সব সময় প্রদান করা হবে। তিনি করোনার প্রথম ডোজের ভ্যাকসিন প্রদানের ক্ষেত্রে সকল সচেতন মহলকে তাদের পাশ্ববর্তী সাধারণ জনগণকে উদ্বুদ্ধ করার কথা বলেন। | আঙ্গিনার চারপাশ পরিস্কার পরিচ্ছন্নরাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | উপজেলা সমাজসেবা কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সকল ভাতাভোগীদের ক্ষেত্রে যে সব ভাতাভোগী মৃত্যু বরণ করেছে তাদের তালিকা প্রদান এবং তৎপরিবর্তে নতুন ভাতা ভোগীদের তালিকা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণকে পত্র দেয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মৃত ভাতাভোগীর পরিবর্তে প্রতিস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেপ্ কমান্ডা... উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুল |
| ০৬ | উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি | **প্রস্তাব -১** সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দ অনুযায়ী সম্ভাব্য ৪ কিস্তির অনুকূলে স্কীম গ্রহণ করা হয়েছে। গৃহীত প্রকল্পের কাজ যাচাই বাছাইয়ের চলমান রয়েছে।<br>**প্রস্তাব-২** সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর নির্বাচিত স্কীম সমূহের মধ্যে প্রকল্প কমিটির মাধ্যমে কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট প্রকল্পগুলি টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করার প্রক্রীয়াধীন রয়েছে।<br>**প্রস্তাব-৩** সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প জাইকা আওতায় ২০২০-২১ অর্থবছরে দিঘলিয়া উপজেলায় দিঘলিয়া ইউনিয়নের দেয়াড়া পশ্চিম পাড়া ৫ নং ওয়ার্ডের জলাবদ্ধতা নিরসনের জন্য ইদ্রিস শেখ এর বাড়ী হতে সিদ্দিক শেখ এর বাড়ী হয়ে নদী অভিমুখে পাকা ড্রেন নির্মাণ এর প্যাকেজ নম্বর INF-2020-21-404740/01 চুক্তিমূল্য=১০,০৫,৫৮৬/২০ ঠিকাদার মেসার্স আকন ট্রেডার্স, পাথরঘাটা বরগুনা কাজ সমাপ্ত করে বিল চেয়ে আবেদন করেছেন। উক্ত প্রকল্পসমূহের কার্যক্রম এর বিল প্রদানের বিষয় বিস্তারিত আলোচনা করা হয়।<br>**প্রস্তাব -১** সভায় উপজেলা প্রকৌশলী, পানিগাতী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্য মাঠে যে শহীদ মিনার অর্ধ নির্মানাধীন অবস্থায় রয়েছে সেটির অসমাপ্ত কাজ সমাপ্তের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত প্রকল্পগুলি দ্রুত যাচাই বাছাই করে চুড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।উপজেলা উন্নয়ন তহবিলের অনুকূলে অসমাপ্ত প্রকল্পগুলি বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জাইকা এবং জিওবি এর অর্থায়নে উক্ত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের বিল প্রস্তুত পূর্বক প্রকল্প কার্যালয়ে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুল |
| ০৭ | উপজেলা কৃষি ও সচে কমিটি | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, আমন মৌসুমে আবাদ হয়েছে ১৯৯৫ হেঃ উফশী ১২৩৫ হেঃ হাইব্রিড ৫৪০ হেঃ স্থানীয় ২২০হেঃ আমন ফসলের বর্তমান অবস্থা খরিপ-২ আবাদ ২৫০ হেঃ ফসলের অবস্থা ভাল ফসলের পোকা মাকড় রোগ বালাই পরিস্থিতি সম্পর্কে প্রতিটিব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা চাষীদেরকে পরামর্শ প্রদান করেছে এবং দমন | সভায় বিস্তারিত আলোচনান্তে ফসলের ক্ষতিকর পোকা মাকড় সম্পর্কে সরেজমিনে গিয়ে কৃষকদের সঠিক | উপজেলা কৃ অফিসারঅফি র, দিঘলিয় খুলনা। |

<table>
<tr><td></td><td></td><td>বিষয় চাষীদের মাঠে নিয়ে করনীয় সম্পর্কে অবহিত করেন। উপজেলায় রাসায়নিক সার বিভাজন দেওয়া হয় আবাদ এলাকা ও মজুদের উপর ভিত্তি করে। সারের মজুদ ইউরিয়া ৬০ মে:টন। টিএসপি ১৪ মে:টন, ডিএপি ১৫ মে:টন, এমওডি ২৭ মে: টন এ মজুদ সন্তোষজনক।</td><td>ভাবে পরামর্শ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা মৎস্য ও প্রণিসম্পদ কমিটি</td><td>সভায় উপজেলা মৎস্য অফিসার জানান যে, বিগত ৮/৯/২০২২ খ্রি: তারিখে রাজস্ব অর্থায়নে ৯০,০০০/- টাকার ১.০ (এক) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে যা দিয়ে আরো ৪৩৫ কেজি মাছের পোনা দিঘলিয়া উপজেলার বিভিন্ন জলাশয়ে আগামী ২৮/৯/২০২২ খ্রি: তারিখ অবমুক্ত করা হবে। তিনি বলেন ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় বিকল্প কার্যসংস্থান উপকরন প্রদানের জন্য গাজীরহাট ইউনিয়নে ১১ জন, সেনহাটি ইউনিয়নে ০৭ জন এবং বারাকপুর ইউনিয়নে ০২ জন, মোট ২০ জন জেলে পরিবারকে বাছাই করা হয়েছে। দ্রুতই কার্যক্রম গ্রহণ করা হবে। তিনি বলেন আগামী ০৭ অক্টোবার ২০২২ খ্রি: তারিখ হতে ২৮ অক্টোবার ২০২২ খ্রি: তারিখ পর্যন্ত মোট ২২ দিন মা ইলিশ সংরক্ষণ অভিযান বাস্তবায়ন হবে। গত ২৮/৯/২০২২ খ্রি: তারিখে এ বিষয়ে সচেতনতা সভা চন্দনীমহল হার্ডবোর্ড খেয়া ঘাটে ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। তিনি আরো বলেন মৎস্য আইন বাস্তবায়নে মোবাইলকোর্ট ও অভিযান অব্যহত আছে যা চলমান থাকবে।এছাড়া উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, খামারী পর্যায়ে ভেটেরিনারি চিকিৎসা সহ অন্যান্য সেবা পৌছে দেওয়ার জন্য সরকার কর্তৃক উপজেলা পর্যায়ে একটি মোবাইল ভেটেরিনারি ক্লিনিক গাড়ী দিয়েছে। কিন্তু গাড়ীটি রাখার জন্য কোন গ্যারেজ না থাকায় উপজেলার খামারীরা এর সেবা থেকে বঞ্চিত হচ্ছে। বিধায় প্রাণিসম্পদ দপ্তরে প্রাচীরের ভিতরে মোবাইল ভেটেরিনারি ক্লিনিক গাড়ীটি রাখার জন্য জরুরী ভিত্তিতে একটি গ্যারেজ নির্মান করার জন্য সভাকে অনুরোধ করা হলো।</td><td>সভায় এ বিষয়ে বিস্তাতির আলোচনান্তে সরকারী নীতিমালা অনুযায়ী মৎস্য পোনা ক্রয় এবং ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যাবস্থপনায় জেলে পরিবারকে বিকল্প কর্মসংস্থান উপকরন যথাযথ নিয়মে বিতরনসহ মা ইলিশ রক্ষার্থে নিয়মিত অভিযান পরিচালনাসহ উপজেলা প্রাণিসম্পদ অফিসের মোবাইল ভেটেরিনারি ক্লিনিক গাড়ীটি রাখার জন্য একটি গ্যারেজ নির্মাণের ক্ষেত্রে উপজেলার এডিপির অর্থায়নে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্ব অফিসার, উপজেলা প্রকৌশলী ও উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা, দিঘলিয়া, খুলন</td></tr>
<tr><td>০৯</td><td>বিবিধি আলোচনা। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)</td><td>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, গত আগস্ট/২২ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত ২টি প্রকল্পের প্রাক্কলন ও বাস্তবায়ন কমিটি নিম্নরুপঃ<br>ক) কাজের নামঃ উপজেলা পরিষদের অফিস ভবনের অফিস রুম ও বারান্দায় টাইলস স্থাপন। প্রাক্কলিত টাকা= ২,০০,০০০/ (দুই লক্ষ) টাকা।
<table>
<tr><th>ক্র: নং</th><th>নাম</th><th>ঠিকানা</th><th>পরিচয়</th><th>কমিটির পদবী</th></tr>
<tr><td>১</td><td>মোঃ আক্তার হোসেন</td><td>দিঘলিয়া</td><td>ইউপি সদস্য</td><td>প্রকল্প সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>মোঃ জনি মোল্লা</td><td>দিঘলিয়া</td><td>সমাজ সেবক</td><td>সেক্রেটারী</td></tr>
<tr><td>৩</td><td>শিমুল খান</td><td>দিঘলিয়া</td><td>গন্যমান্য</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>শাহিন মোল্লা</td><td>দিঘলিয়া</td><td>গন্যমান্য</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>মিতা বেগম</td><td>দিঘলিয়া</td><td>আনসার</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬</td><td>সাকিব গাজী</td><td>দিঘলিয়া</td><td>শিক্ষক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭</td><td>মোঃ আব্দুল্লাহ</td><td>দিঘলিয়া</td><td>ইমাম</td><td>সদস্য</td></tr>
</table>
খ) কাজের নামঃ উপজেলা পরিষদের মিটিং রুমের জন্য প্রজেক্টর, ওয়েব ক্যামেরা, সাউন্ড বক্স, কালার প্রিন্টার, এন্টিভাইরাস, ফটোকপির কালি, প্রিন্টারের কার্টিজ ক্রয়, এবং দূর্যোগকালীন ও জরুরী কম্পিউটার চালানোর জন্য ১ টি আই পি এস ক্রয়, প্রকল্প। প্রাক্কলিত ব্যয় টাকা=২,০০,০০০/-</td><td>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রকল্প ২টির প্রাক্কলন ও প্রকল্পকমিটি অনুমোদনসহ উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান উজেলা পরিষ উপজেলা নির্বা অফিসার, ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলন</td></tr>
</table>

| ক্র: নং | নাম | ঠিকানা | পরিচয় | কমিটির পদবী |
|---|---|---|---|---|
| ১ | মোঃ হাফিজুর রহমান | দিঘলিয়া | ইউপি সদস্য | প্রকল্প সভাপতি |
| ২ | আজম মোড়ল | দিঘলিয়া | সমাজ সেবক | সেক্রেটারী |
| ৩ | মোঃরুবেল সরর্দার | দিঘলিয়া | গন্যমান্য | সদস্য |
| ৪ | মোঃ হাবিবুর রহমান | দিঘলিয়া | গন্যমান্য | সদস্য |
| ৫ | মোঃ ইসরইল | দিঘলিয়া | মাস্টার | সদস্য |
| ৬ | মোঃ ফরহাদ হোসেন | দিঘলিয়া | আনসার | সদস্য |
| ৭ | মোঃ আব্দুল্লাহ | দিঘলিয়া | ইমাম | সদস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, মুজিবশত বর্ষে গত বছরের ৬৫ টি ঘর নির্মানের কাজ বাদ ছিল বর্তমানে সেই ঘরের নির্মাণ কাজ চলমান আছে। ঘর নির্মাণ কাজের তদারকির জন্য সকল ইউপি চেয়ারম্যানদের নিয়মিত তদারকি করার জন্য সভায় আহবান জানান। তিনি আরো বলেন এবছরে ১০২ টি ঘর নির্মাণ করার জন্য জমি ক্রয় ও ভরাট এর কাজ চলছে। উপর্যুক্ত জমি পাওয়া সাপেক্ষে ১০২ টি ঘরের নির্মাণ কাজ শুরু করা হবে। | সভায় বিস্তরিত আলোচনান্তে জমি ক্রয় ও ভরাট করে ঘর নির্মাণের কাজ দ্রুত শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রক বাস্তবায়ন অফিসার দিঘলিয়া, খুল |
| ১১ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক দিঘলিয়া, শাখা | সভায় উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক জানান যে, প্রান্তিক জন গোষ্ঠীর মাঝে ক্ষুদ্র ক্ষুদ্র পুঁজি গঠনে পি, এস, বি গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করছে। সদস্যদের মাঝে ঋণ ও সঞ্চয় কার্যক্রম ব্যাপক ভাবে প্রসারিত হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে দিঘলিয়া শাখার লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। ক) ঋণ বিতরণ ১৮.১৮ কোটি টাকা খ) ঋণ আদায় ১৬.৩৯ কোটি টাকা গ) সঞ্চয়/আমানত সংগ্রহ ১.২৫ কোটি টাকা। বর্তমান শাখার সার্বিক কার্যক্রম ব্যাপক প্রসার হওয়ায় প্রতিদিন অফিসে অনেক সদস্য ও জনসাধারণের সমাগম ঘটে। অফিস নিরাপত্তার জন্য ৪ টি সিসি ক্যামেরা রয়েছে। সম্প্রসারিত নতুন ভবনে ক্যাশ কাউন্টার হলরুম ও শাখা ব্যবস্থাপকের রুম স্থানান্তর করা হয়। সেটি সিসি ক্যামেরার আওতাধীন নয়। তিনি তার অফিস কক্ষটি সিসি ক্যামেরার আওতাভুক্ত করার জন্য সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সঠিক ভাবে সম্পাদন করাসহ অফিসের ক্যাশ কাউন্টার এর সার্বিক নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা স্থাপন করার ক্ষেত্রে উপজেলা পরিষদ থেকে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ স্বাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্ব অফিসার, দিঘলিয়া, খুল |
| ১২ | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক দপ্তর | সভায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, দুঃস্থ মহিলা উন্নয়ন কর্মসূচী (ভিজিডি) এর আওতায় ২০২১-২২ চক্রের খাদ্যশস্য বিতরণ সুষ্ঠভাবে চলমান আছে, সঞ্চয় আদায় এবং প্রশিক্ষন চলমান আছে। তিনি বলেন দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর আওতায় ভাতাভোগীর স্ব স্ব হিসাব নম্বরে ভাতা প্রবেশ করছে। তিনি বলেন উপজেলা পর্যায়ে মহিলাদের প্রশিক্ষন প্রকল্পের আওতায় ১৫ তম ব্যাচের ভাতা বিতরণ সম্পন্ন হয়েছে। ১৬ ব্যাচের প্রশিক্ষণ চলমান রয়েছে। তিনি আরো বলেন মহিলাদের আত্ব-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় আগস্ট/২২ মাসে ৩০,৫০০/-(ত্রিশ হাজার পাঁচ শত) টাকা ঋণ আদায় হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ক্ষুদ্র ঋণ আদায় কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহি বিষায়ক অফিসার দিঘলিয়া, খু |
| ১৩ | চেয়ারম্যান দিঘলিয়া ইউপি | সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, জন্মনিবন্ধন কার্যক্রম নিয়মিত অনলাইন করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। সেটি নিয়মমাফিক ভাবে সম্পন্ন করার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরের যে ফিল্ড কর্মীরা মাঠে নিয়োজিত আছেন তারা তাদের কার্যক্রমের সাথে ইউনিয়নের কার্যক্রম মিলরেখে টিকাকার্ড বিতরন করেযেতে পারলে নিয়মিতভাবে জন্মনিবন্ধন এর কার্যক্রম সঠিক ভাবে | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরের ফিল্ড কর্মীরা টিকা কার্ড বিতরণের ক্ষেত্রে | উপজেলা স্ব ও পরিবা পরিকল্পন অফিসা দিঘলিয়া, খু |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাস্তবায়ন করা সম্ভব হবে। | ইউনিয়ন পরিষদের সাথে সমন্বয় করে টিকা কার্ড বিতরন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৪ | চেয়ারম্যান সেনহাটি ইউপি | সভায় চেয়ারম্যান সেনহাটি ইউপি জানান যে, রেশন কার্ডের অনলাইন করার সময় যে সমস্ত কার্ড অনলাইনে বাদ পরেনি অথচ উপজেলা খাদ্য অফিস থেকে কার্ড বাতিল হয়েছে। সে বিষয়ে তিনি উপজেলা নির্বাহী অফিসারকে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ করেন। তিনি অনলাইন করার সময় যে সমস্ত রেশন কার্ড বাতিল হয়েছে ঐ সমস্ত বাতিলকৃত রেশন কার্ডের পরিবর্তে প্রকৃত পাওনাদার ব্যাক্তিকে নতুন করে রেশন কার্ড প্রতিস্থাপন করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। তিনি আরো বলেন টিসিবির কার্ডের মাল বিতরনের ক্ষেত্রে নির্ধারিত স্থানের জন্য এক জন করে ডিলার নিয়োগ করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাতিল হওয়া রেশন কার্ডের পরিবর্তে প্রকৃত পাওনাদার ব্যাক্তিকে নতুন করে রেশন কার্ডের প্রতিস্থাপনসহ টিসিবির মাল বিতরনের জন্য নির্ধারিত স্থানে ডিলার নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খ নিয়ন্ত্রক, দিঘলিয়া, খুল |
| ১৫ | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন ড্রেনে ময়লা আবর্জনা জমে থাকার কারণে দ্রুত ড্রেনগুলির পরিস্কার করা প্রয়োজন। তিনি বলেন উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে সংযোজিত সিসি ক্যামেরাগুলি অকেজো হয়ে পড়ার কারনে উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরাগুলি দ্রুত মেরামত করা প্রয়োজন এবং যে সমস্ত সিসি ক্যামেরা গুলি অকেজো/নষ্ট হয়ে গিয়েছে সে সমস্ত সিসি ক্যামেরা গুলি পরিবর্তন করে উক্ত স্থানে নতুন সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। তিনি আরো বলেন তার বাসভবনটির বিভিন্ন স্থানে লবনাক্ততার কারণে ওয়ালের রং ঝরে ঝরে পড়ছে। সেই সমস্ত স্থানসহ ভবনটিতে রংকরণ ও আনুসঙ্গিক কাজ দ্রুত করা প্রয়োজন। তিনি আরো বলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-০১ শাখার ১৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি: তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০২২(অংশ-২) ১৯৭ নং স্মারকে প্রেরিত পত্রের আলোকে দেশের সকল উপজেলায় সামাজিক-সম্প্রীতি কমিটির কার্যসম্পাদনের ব্যয় বাবদ এক অর্থবছরে সর্বোচ্চ ২৫,০০০/-(পচিঁশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করার বিধান রয়েছে সে মোতাবেক অত্র দিঘলিয়া উপজেলায় সামাজিক-সম্প্রীতি কমিটি গঠন কার্যক্রমের প্রস্তুতি সভায় এবং সামাজিক সম্প্রীতি সমাবেশ আয়োজন করতে ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উত্তোলনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া পরিষদের জন্য একটি সাউন্ড বক্স, ১ টি ওয়েব ক্যাম, ১ টি আই পি এস, ও ১ টি প্রিন্টারসহ কিছু আনুষঙ্গিক জিনিসপত্র ক্রয় জরুরী ভিত্তিতে করা দরকার। | সভায় বিস্তারিত আলোচনান্তে ড্রেনে জমে থাকা আবর্জনা পরিস্কার করা, উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তার লক্ষ্যে সিসি ক্যামেরা ক্রয় ও মেরামত করা, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের রংকরণ ও আনুসঙ্গিক কাজ করাসহ সামাজিক-সম্প্রীতি গঠিত সভার ব্যায়সহ উপজেলা পরিষদের অডিটরিয়াম রুমের জন্য সাউন্ড বক্স, ওয়েব ক্যাম, আই পি এস, প্রিন্টার, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্ব অফিসার, এব উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | চেয়ারম্যান | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, টিসিবির মাল বিতরনের ক্ষেত্রে ডিলারদের টিসিবির মাল বিতরনের আগে ইউনিয়ন পরিষদের | সভায় বিস্তারিত আলোচনান্তে টিসিবির | চেয়ারম্যান, উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা। | চেয়ারম্যানদের সাথে আলোচনাক্রমে স্থান নির্ধারন করে তারপর টিসিবির মাল বিতরন করার কথা বলেন। তিনি আরো বলেন প্রতিটি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে ১ জন করে সার ডিলার থাকার কথা থাকলেও দিঘলিয়া ইউনিয়নের প্রত্যেকটি ওয়ার্ডে সার ডিলার নেই। তিনি এ বিষয়ে কৃষি অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি বলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এর অফিস কক্ষে ব্যবহৃত চেয়ারগুলো অনেক দিনের পুরাতন ও ব্যবহারের অনুপযোগী হয়ে পরার কারণে কিছু নতুন চেয়ার ক্রয় করা এবং উপজেলা পরিষদের অডিটরিয়াম রুমের সভা পরিচালনা মঞ্চের জন্য চেয়ার কেনা প্রয়োজন। | মাল বিতরণে ইউপি চেয়ারম্যানগনের সাথে আলোচনাক্রমে এবং ইউনিয়নের প্রত্যেকটি ওয়ার্ডে ১ জন করে সার ডিলারের নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাসহ চেয়ারম্যান এর অফিস ও অডিটরিয়াম রুমের জন্য চেয়ার ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজে... নির্বাহী অ... ও উপজে... প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা |

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান, মহোদয়ের আগস্ট/২০২২ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানেরআগস্ট/২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের আগস্ট/২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতাকর্মী এরআগস্ট/২০২২ মাসের দৈনিক ভাতা বাবদ=১৩,৭৫০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর আগস্ট/২০২২ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৩,২০০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর আগস্ট/২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ ১১,৬৭০/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর আগস্ট/২০২২ মাসের ভ্ররমণ বিল বাবদ=৬,০০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর আগস্ট/২০২২ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/-<br>১২। মোঃ হাফিজুর রহমান এর নামে উপজলো পরিষদের বিদ্যুৎ বিল আগস্ট/২২ মাসের =১৯,৩৬৬/-<br>১৩। মোসাঃ সালেহা বেগম এর নামে উপজেলা পরিষদের বিভিন্ন ড্রেনের পরিষ্কার কাজের বিল বাবদ=২৫,০০০/-<br>১৪। মোসাঃ সালেহা বেগম এর নামে উপজেলা পরিষদের বিভিন্ন ড্রেনের পরিস্কার কাজের বিল বাবদ=২৫,০০০/-<br>১৫। মোঃ হাফিজুর রহমান এর নামে উপজেলা পরিষদের নির্বাহী অফিসারের বাসভবনের রংকরণ এর কাজের বিলবাবদ=২৪,৯৪৩/-<br>১৬। মোঃ হাফিজুর রহমান এর নামে উপজেলা পরিষদের নির্বাহী অফিসারের বাসভবনের প্লাস্টার এর কাজের বিলবাবদ=২৫,০০০/-<br>১৭। মোসাঃ সালেহা বেগম এর নামে উপজেলা পরিষদের নির্বাহী অফিসারের বাসভবনের রংকরণ এর কাজের বিলবাবদ=২৪,৮২০/-<br>১৮। মোঃ হাফিজুর রহমান এর নামে উপজেলা পরিষদের নির্বাহী অফিসারের বাসভবনের রংকরণ এর কাজের বিলবাবদ=২৫,০০০/- | ৩,৬২,৪৪৯/-<br>- |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০-৭৬৭ তারিখ: ২৭.০৯.২০২২ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। বেগম মন্নুজান সুফিয়ান, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৩ ও মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

০২। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৪, ও সদস্য যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য।

০৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

০৫। জেলা প্রশাসক, খুলনা।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

০৭। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

০৮। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।

০৯। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।

১০। জনাব ......................................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।

২৭/০৯/২০২২

(মোঃ মাহবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২